

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায় (১ম সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.২৫.০১৭.২২. ৪৬৪


তারিখ: ২৯ এপ্রিল ২০২৪

বিষয়: হাই স্কুলগামী কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণের বাজেট বিভাজন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে হাই স্কুলগামী কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদানের সংস্থান রয়েছে। সংস্থানকৃত অর্থে হাই স্কুলগামী কিশোরীদের সচেতনতামূলক প্রতিটি প্রশিক্ষণ কোর্স বাস্তবায়নের জন্য ব্যয় বিভাজন নিম্নরূপ:

| ক্র: নং | বিবরণ | সংখ্যা | একক ব্যয় (টাকা) | সর্বমোট ব্যয় (টাকা) | মন্তব্য |
|---------|--|--------|------------------|----------------------|---|
| ১ | প্রশিক্ষণ সেশন সংখ্যা=২টি প্রশিক্ষকের ভাতা সেশন প্রতি ১১৫০ টাকা হারে। প্রতি সেশন ১ ঘণ্টা করে | ২ | ১১৫০ | ২৩০০ | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের এ সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞ ডাক্তার, জেলা প্রশাসক, পুলিশ সুপার, উপপরিচালক-বিআরডিবি, ইউএনও, ওসি, জেলা ও উপজেলা পর্যায়ের জাতিগঠনমূলক বিভিন্ন বিভাগের কর্মকর্তা ও অন্যান্য |
| ২ | প্রশিক্ষণ সামগ্রী বিতরণ (স্যানিটারী ন্যাপকিন ও অন্যান্য) | ১০০ | ১৫০ | ১৫০০০ | |
| ৩ | কোর্স উপদেষ্টা (সংশ্লিষ্ট স্কুলের প্রধান শিক্ষক) | ১ | ১৫০০ | ১৫০০ | |
| ৪ | কোর্স পরিচালক (ইউআরডিও) | ১ | ১২০০ | ১২০০ | |
| ৫ | কোর্স সমন্বয়ক (এআরডিও-ইরেসপো) | ১ | ১০০০ | ১০০০ | |
| ৬ | আপ্যায়ন | ১০০ | ৪০ | ৪০০০ | |
| ৭ | সংশ্লিষ্ট স্কুলের মহিলা শিক্ষিকার সহায়ক ভাতা | ১ | ১০০০ | ১০০০ | |
| ৮ | সহায়ক কর্মচারী (হিসাব সহকারী, সংশ্লিষ্ট মাঠ সংগঠক ১ জন ও অন্যান্য) | ৩ জন | থোক | ১৫০০ | |
| | বিবিধ (ব্যানার, প্রশিক্ষণের স্থিরচিত্র ও ভিডিও ধারণ এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার) | থোক | থোক | ২৫০০ | |
| | সর্বমোট | | | ৩০০০০ | |

- ২। প্রশিক্ষণ সামগ্রী সংশ্লিষ্ট এলাকার মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/এমপি মহোদয়সহ স্থানীয় গণ্যমান্য জনপ্রতিনিধিসহ/জেলা প্রশাসক/পুলিশ সুপার/ইউএনও/ওসি ও অন্যান্যদের উপস্থিতিতে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ সংক্রান্ত কার্যক্রম প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারের ব্যবস্থা করতে হবে।
- ৩। এমতাবস্থায় উপরিলিখিত বিভাজন অনুযায়ী “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায়” এর হাই স্কুলগামী কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ কোর্সসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। সকল বিল পরিশোধের ক্ষেত্রে সরকারী বিধি-বিধান অনুযায়ী ভ্যাট ও আয়কর কর্তনযোগ্য হবে।
- ৪। উল্লেখ্য উপরোক্ত ব্যয় প্রকল্পের প্রশিক্ষণ (কিশোরী) খাতে বরাদ্দকৃত অর্থ হতে নির্বাহ করতে হবে।


 মোহাম্মদ রাশেদুল আলম
 প্রকল্প পরিচালক
 ফোন: ০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,
বিআরডিবি, উপজেলা..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা)

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা:..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা)
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা..... (সকল উপজেলা)।
৫. অফিস নথি।